



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২

০২২২৩৩-৮০০২৪-২৫

০২২২৩৩-৮০০৩১-৩৫

ইমেইলঃ dgmpd@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫/রুমাবি-২৯২/২০২৩-২৪/২৩৭

তারিখঃ ৩১/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ ও পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণসমূহের জন্য সিবিএস এ সমমাসিক কিস্তি (EMI) হিসাবায়ন ও Early Settlement Fee এর অটো সিস্টেম ডেভেলপমেন্ট প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০২২ ও ০৮/২০২২ তারিখঃ যথাক্রমে ০৯.০১.২০২২ ও ০৮.০৮.২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পরিপত্রদ্বয় মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ সংক্রান্ত নীতিমালা জারী করা হয়। উক্ত ঋণ কর্মসূচি দুটির সিবিএস এ সমমাসিক কিস্তি (EMI) হিসাবায়ন ও Early Settlement Fee এর অটো সিস্টেম ডেভেলপমেন্ট এর জন্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৫৫তম সভায় উপস্থাপন করা হলে চলমান এবং ০১.০৮.২০২৩ তারিখ হতে বিতরণকৃত নতুন ঋণ হিসাবসমূহের পরিচালনার জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

(ক) চলমান ঋণসমূহের ক্ষেত্রেঃ

- ১) মাসিক হিসাব সমাপনী দিনে সুদ হিসাবায়ন করে সংশ্লিষ্ট ঋণ হিসাবে সুদ চার্জ (আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক) করা হবে;
- ২) বেতন প্রদানের দিন শাখা সমূহ কর্তৃক বর্তমান প্রচলিত নিয়মে কিস্তি কর্তন করতে হবে;
- ৩) Early Settlement Fee এর জন্য বর্তমান প্রচলিত অন্যান্য ঋণের মত সিবিএস এ বিদ্যমান অন ডিম্যান্ড সুদ হিসাবায়ন পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৪) সুপারভিশন ফিস এবং প্রসেসিং ফিস (ভ্যাটসহ) ঋণ হিসাব হতে পূর্বের নিয়মে শাখা কর্তৃক যথাযথভাবে হিসাবায়ন করতে হবে।

(খ) নতুন ঋণ বিতরণের ক্ষেত্রেঃ

- ১) ০১.০৮.২০২৩ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ এর ক্ষেত্রে নতুন বরাদ্দকৃত খাত ১০২/৩৬ (সিবিএস কোড ১২৩৬) এবং পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) এর ক্ষেত্রে নতুন বরাদ্দকৃত খাত ১০২/৩৭ (সিবিএস কোড ১২৩৭) খোলা হয়েছে;
- ২) প্রতিটি ঋণ হিসাবের জন্য একটি সঞ্চয়ী হিসাব থাকবে এবং উক্ত সঞ্চয়ী হিসাব থেকে প্রতি মাসের ১০ তারিখে (উক্ত দিনটি ছুটির দিন হলে অব্যবহিত পরবর্তী কর্মদিবসে) মাসিক কিস্তি কর্তন (আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক) করা হবে;
- ৩) মাসিক ভিত্তিতে হিসাব সমাপনীর দিন সুদ হিসাবায়ন করে সংশ্লিষ্ট ঋণ হিসাবে সুদ চার্জ (আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক) করা হবে;
- ৪) Early Settlement Fee, সুপারভিশন ফিস এবং প্রসেসিং ফিস বা সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ঋণ হিসাব খোলার পর সিবিএস হতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে কর্তন করা হবে।

চলমান পাতা ০২

@

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ ও পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণসমূহের জন্য সিবিএস এ সমমাসিক কিস্তি (EMI) হিসাবায়ন ও Early Settlement Fee এর অটো সিস্টেম ডেভেলপমেন্ট প্রসঙ্গে।


০৩। উপরোক্ত ব্যবস্থার প্রেক্ষিতে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো :

- (ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ এর ক্ষেত্রে সিবিএস কোড ১২৩৬ এবং পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) এর ক্ষেত্রে সিবিএস কোড ১২৩৭ এ ঋণ হিসাব খুলতে হবে কোন অবস্থাতেই একটি খাতের ঋণ হিসাব ভিন্ন খাতের কোডে পোস্টিং দেয়া যাবে না;
- (খ) সঠিক নিয়মে সমমাসিক কিস্তি (EMI) কর্তন করার জন্য সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে প্রতি মাসের ১০ তারিখের (উক্ত দিনটি ছুটির দিন হলে অব্যবহিত পরবর্তী কর্মদিবসে) মধ্যে কর্তন যোগ্য পরিমাণ স্থিতি থাকার বিষয়টি শাখা কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) মাসিক কিস্তি কর্তন সমাপনীর পর রিপোর্ট থেকে কিস্তি খেলাপী চিহ্নিত হলে বিধি মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঘ) ঋণ হিসাব খোলা বা কিস্তি হিসাবায়ন এর ক্ষেত্রে কোন অসামঞ্জস্যতা বা জটিলতা সৃষ্টি হলে সাথে সাথে আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এর সাথে যোগাযোগ করতে হবে ;
- (ঙ) এ ঋণসমূহ কোন অবস্থায় শ্রেণীকৃত হতে দেয়া যাবে না;
- (চ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ বিতরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৮/২০২২ ও পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) বিতরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০১/২০২২ অনুসরণ করতে হবে এবং এতদসংক্রান্ত ভবিষ্যতে জারীতব্য সকল সংশোধনী/নিয়মাচার যথারীতি পরিপালনযোগ্য হবে।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত নিয়মাবলী অনুসরণপূর্বক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষ ঋণ ও পার্সোনাল ঋণ (বেতনের বিপরীতে অগ্রীম) কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোহাঃ খালেদুজ্জামান)

মহাব্যবস্থাপক


(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫/রস্মাবি-২৯২/২০২৩-২৪/২৩৭

তারিখঃ ৩১/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ মঈনুজ্জামান)

উপমহাব্যবস্থাপক